APR. 03 2002

দৈনিক ইত্তেফাক

তারিখ ...............
পৃষ্ঠা ৩ ...... কলাম ৬ .....

# ঢাঃবিঃ-তে 'মীর আনসার আলী ট্রাস্ট ফান্ড' প্রতিষ্ঠিত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'মীর আনসার আলী ট্রাস্ট ফান্ড' প্রতিষ্ঠার উদ্দেশ্যে মরহুম আনসার আলীর স্ত্রী মিসেস সৈয়দা জহুরা আলী গত রবিবার বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরীর নিকট এক লাখ টাকার একটি চেক হস্তান্তর করেন। ভিসি কার্যালয়ে আয়োজিত চেক প্রদান অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন প্রো-ভিসি প্রফেসর জেড এন তাহমিদা বেগম, ট্রেজারার প্রফেসর সৈয়দ রাশিদুল হাসান, প্রফেসর এ আই মোস্তফা, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুহাম্মদ সেলিম এবং সৈয়দা জহুরা আলীর ছোট বোন সৈয়দা বিলকিস জাহান। এই ট্রাস্ট ফান্ডের আয় হতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত গার্হস্থ্য অর্থনীতি কলেজ থেকে প্রতিবছর অনার্স পরীক্ষায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ছাত্রীকে বৃত্তি প্রদান করা হবে।

**ভিসি সকাশে সউদী প্রফেসর**

সউদী আরবের উম্মুল কুরা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ডঃ আব্দুর রাজ্জাক আহমেদ সাফার গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরীর সাথে তার অফিসে এক সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রফেসর আফতাব আহমদ এবং রাবিতা আল-আলম আল ইসলামী'র কান্ট্রি ডাইরেক্টর মীর কাসেম আলী এ সময় উপস্থিত ছিলেন।